



## নিয়োগ বিজ্ঞপ্তি

### সহকারী প্রোগ্রাম ম্যানেজার (মনিটরিং)

পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি) পিছিয়ে পড়া জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে তিন দশকেরও বেশি সময় ধরে সুনামের সাথে কাজ করে আসছে। সংস্থার ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রম মনিটরিং করার লক্ষ্যে কিছু সংখ্যক সহকারী প্রোগ্রাম ম্যানেজার -মনিটরিং পদে নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

#### দায়িত্ব ও কর্তব্যঃ

- মাইক্রো ফিন্যান্স কার্যক্রমের গুণগত মান মনিটরিং করা।
- মাসিক, ত্রৈ-মাসিক এবং বাৎসরিক লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন মনিটরিং করা।
- শাখা ও সমিতি পর্যায়ের বিভিন্ন নথিপত্র যাচাই ও পর্যবেক্ষণ।
- পাশ বই যাচাই, ঋণ প্রস্তুতাবনা ও ঋণ বিতরণ প্রক্রিয়া ও সঠিকতা যাচাই, বকেয়া ঋণী পরিদর্শন ও বকেয়ার কারণ অনুসন্ধান।
- সংস্থার বিভিন্ন সেবা ও পণ্য যেমন সঞ্চয় ও সঞ্চয়ের সুবিধা, বিভিন্ন ধরনের ঋণ ও ঋণ সুবিধা সম্পর্কে সদস্য ও এলাকার লোকজনের ধারণা যাচাই।
- মাইক্রো ফিন্যান্স কার্যক্রমে কর্মী, শাখা ব্যবস্থাপক, সহকারী প্রোগ্রাম ম্যানেজার ও অন্যান্যদের কাজের আন্তরিকতা, জ্ঞান ও দক্ষতা মনিটরিং করা।
- শাখা পর্যায়ে কর্মীদের মধ্যে কাজের স্পৃহা ও টিম স্পিড তুলে আনা।
- মাইক্রো ফিন্যান্স কার্যক্রমের বিভিন্ন সূচক যেমন - শাখার মোট সদস্য সংখ্যা, ঋণী কভারেজ, মোট ঋণস্থিতি, সঞ্চয় ও ঋণস্থিতির অনুপাত, OTR, PAR, Delinquency ratio, Borrower at Risk ইত্যাদি বিশ্লেষণ।
- বিভিন্ন ধরনের সার্ভে, কেইস স্টাডি ও সাক্ষাৎকারের মাধ্যমে তথ্য সংগ্রহ ও বিশ্লেষণমূলক রিপোর্ট তৈরী।

#### যোগ্যতা ও দক্ষতা :

- নূন্যতম স্নাতক ডিগ্রী। তবে সমাজ বিজ্ঞান, অর্থনীতি বা পরিসংখ্যানে স্নাতক ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে।
- মাইক্রো ফিন্যান্স কার্যক্রম মনিটরিং এ ৩-৪ বছরের কাজের অভিজ্ঞতা।
- কম্পিউটার কাজে অভিজ্ঞ বিশেষ করে এম এস ওয়ার্ড, এক্সেল এবং পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনে বিশেষ পারঙ্গমতা। পরিসংখ্যান সফটওয়্যার যেমন SPSS, STATA জানা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
- বিশ্লেষণ ধর্মী রিপোর্ট তৈরীর দক্ষতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

বেতন : শিক্ষানবিশকালে বেতন ৫০,৭৯২/-টাকা এবং স্থায়ীকরনের পর ৫৬,৮৯৮/-এছাড়াও সংস্থার পলিসি অনুযায়ী মোবাইল ভাতা, শহর ভাতা, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, বার্ষিক ইনক্রিমেন্ট, উৎসব ভাতা, বৈশাখী ভাতাসহ অন্যান্য সুযোগ সুবিধা প্রাপ্য হবেন।

আগ্রহী প্রার্থীদেরকে জাতীয় পরিচয়পত্রসহ যাবতীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ২ কপি রজিন ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, পেশা, পদবী, মোবাইল নম্বর এবং আবেদনকারীর পূর্নাঙ্গ জীবনবৃত্তান্ত মোবাইলনম্বরসহ আবেদনপত্র আগামী ৩০/০১/২০২৪ তারিখের মধ্যে উপ-পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি প্রেরণ করতে হবে। ইমেইলেও আবেদন পাঠাতে পারেন: [hr@popibd.org](mailto:hr@popibd.org)। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে। শুধুমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহন করা হবে।

“নারী-শিশু নির্যাতন ও ঝুঁকিপূর্ণ শিশুশ্রম দমনীয় অপরাধ”

web: [www.popibd.org](http://www.popibd.org)